

B.A. 3rd Semester (General) Examination, 2019 (CBCS)

বিষয় : বাংলা

7071

পত্র : SEC-I

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

(ক) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো : প্রতিদিন।

(খ) সন্ধিবিচ্ছেদ করো :

পদ্মাসন, ভবেশ

(গ) সন্ধি করো :

রসনা+ইন্দ্রিয়, মহা+উৎসব

(ঘ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

মা শিশুকে চাঁদ দেখান

(ঙ) সরল বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(চ) কর্তৃবাচ্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(ছ) বিশেষ্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(জ) ক্রিয়াপদ কাকে বলে? একটি উদাহরণ দাও।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

(i) ভোর হল, দোর খোলো

(ii) অরুণ আলোয় বিলম্বিত করে চারিধার

(iii) সে মহাভারত পাঠ করছে

(iv) তার চোখে জল ঝরে

(v) ঘোড়ায় টানে গাড়ি

(vi) শরতে আজ ফোটা ফুলের মেলা

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

(i) যে রক্ষক, সেই ভক্ষক (সরল বাক্যে)

(ii) বিদ্যাসাগরের নাম কে না জানে? (নির্দেশক বাক্যে)

- (iii) ছেলোট খুব দরিদ্র (বিশ্বয়বোধক বাক্য)
 (iv) পাখিটি মারা গেল (নঞর্থক বাক্য)
 (v) ছেলোটর বাবা এখানে নেই (অস্ত্যর্থক বাক্য)
 (vi) নিজেকে জানা কর্তব্য (অনুজ্ঞাবাচক বাক্য)

(গ) সমাস কাকে বলে? সমাস কয়প্রকার ও কী কী? উদাহরণসহযোগে যে-কোনো দুইপ্রকার সমাস বিশ্লেষণ করো।

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :
 জমাখরচ, মধুমাখা, নীলোৎপল, তেমাখা, বেহুঁশ, গরমিল

১+২+২=৫

১×৫=৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) অব্যয় কাকে বলে? অব্যয় কয়প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে অব্যয়ের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

১+২+৭=১০

(খ) ব্যঞ্জনসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে ব্যঞ্জনসন্ধির যে-কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

২+৮=১০

(গ) ভাবগত দিক থেকে বাক্য কয়প্রকার ও কী কী? ভাবগত দিক থেকে বাক্যের প্রকারভেদ উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

২+৮=১০

(ঘ) কারক কাকে বলে? বিভক্তি কাকে বলে? উদাহরণসহ কারকের প্রকারভেদ বুঝিয়ে দাও।

১+১+৮=১০